

খুলনায় বিনিয়োগকারী এবং উদ্যোক্তা কনফারেন্স

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা (Financial Literacy) কার্যক্রম হাতে নিয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ৮ জানুয়ারি ২০১৭ তারিখে ঢাকায় উক্ত কার্যক্রম উদ্বোধন করেন। দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিএসইসি দেশের সকল বিভাগীয় শহরে পর্যায়ক্রমে বিনিয়োগ শিক্ষা কনফারেন্স আয়োজন করার উদ্যোগ নিয়েছে। এরই অংশ হিসেবে সর্বপ্রথম কনফারেন্সটি আগামী ৭ এপ্রিল ২০১৭ তারিখে সিএসএস আভা সেন্টার, ৮২, রূপসা স্ট্যান্ড রোড, খুলনা - ৯১০০ এ অনুষ্ঠিত হবে। কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন উক্ত কনফারেন্সের উদ্বোধন করবেন।

দিনব্যাপী অনুষ্ঠিতব্য এই কনফারেন্স দুই পর্বে বিভক্ত থাকবে:

প্রথম পর্ব:	বিনিয়োগকারীদের জন্য	সকাল ৯:৩০ - দুপুর ১২:০০
দ্বিতীয় পর্ব:	উদ্যোক্তাদের জন্য	বিকাল ৩:০০ - বিকাল ৫:০০

বিশেষত: খুলনার স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে ধারণা প্রদান করা এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তবভিত্তিক জ্ঞানার্জনে সহযোগিতার লক্ষ্যে এহেন কনফারেন্সের আয়োজন।

উল্লেখ্য যে, কনফারেন্স চলাকালে একই স্থানে বিনিয়োগ শিক্ষা মেলা ২০১৭ অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ফ্রি রেজিস্ট্রেশনের জন্য আগ্রহী বিনিয়োগকারীগণকে স্ব স্ব ব্রোকারেজ হাউজে যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়েছে।

উদ্যোক্তাগণকে খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ফ্রাজেন ফুড এসোসিয়েশন এবং জুট মিলস এসোসিয়েশনের সাথে যোগাযোগ করে আমন্ত্রণপত্র সংগ্রহের জন্য অনুরোধ জানানো হয়েছে।